

আইআইএম-এ ফি বাড়ল ২ লক্ষ টাকা

▶ অতিমারির আবহে গত দু'বছর
বাড়েনি ইন্ডিয়ান ইনস্টিটিউট
অব ম্যানেজেন্ট-কলকাতায়
(আইআইএমসি) দু'বছরের প্রধান
এমবিএ পাঠ্যক্রমে পড়ার খরচ।
এ বছর থেকে ওই পাঠ্যক্রমের ফি
দু'লক্ষ টাকা বাড়ছে। অতিমারির
জেরে গত দু'বছরে ক্যাম্পাসে
আইআইএমসি-র সমাবর্তন
অনুষ্ঠান হতে পারেনি। তা
হয়েছিল অনলাইনে। শুক্রবার তা
আবার ফিরেছে পুরনো নিয়মে,
প্রচলিত রীতিতে। আর এ দিনই
আইআইএমসি-র 'বোর্ড অব
গভর্নর্স'-এর বৈঠকে দু'বছরের মূল
এমবিএ পাঠ্যক্রমের ফি দু'লক্ষ
টাকা বেড়ে ২৫ লক্ষ টাকা করার
সিদ্ধান্ত হয়েছে বলে প্রতিষ্ঠান
সূত্রের খবর। সমাবর্তন ভাষণ
দিয়েছেন বিএসই-র এমডি ও
সিইও আশিস চহাণ।